

কৃষ্ণ

তারিখ ১৬ ০২ ২০০২
পৃষ্ঠা ২

ছাত্র রাজনীতির কারণে দেশে সন্ত্রাস হয় না

শেখ হাসিনা

যুগান্তর রিপোর্ট

আওয়ামী লীগ সভানেত্রী ও জাতীয় সংসদে বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা ছাত্র রাজনীতির বিরুদ্ধে নয়, চিহ্নিত সশস্ত্র সন্ত্রাসীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারের প্রতি দাবি জানিয়েছেন।

তিনি বলেন, ছাত্র রাজনীতির কারণে শিক্ষাস্থল বা দেশে সন্ত্রাস হচ্ছে না। সরকারের পেলিয়ে দেয়া ছাত্র নামধারী সশস্ত্র সন্ত্রাসীরাই গোটা দেশকে সন্ত্রাসের অভয়ারণ্যে পরিণত করেছে।

গতকাল সোমবার সকালে সুধা সড়নে ঢাকা মহানগর (উত্তর ও দক্ষিণ) ছাত্রলীগের নবনির্বাচিত নেতৃবৃন্দের উদ্দেশে শেখ হাসিনা বক্তৃতা করছিলেন। এ সময় অন্যান্যের মধ্যে ওবায়দুল কাদের, ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, এসএম কামাল হোসেন, এনামুল হক শামীম, ইসহাক আলী খান পান্না, মারুফা আক্তার পপি, সাইফুজ্জামান শিবর, ইসহাক মিয়া, এসআর পলাশ, এম সাইফুল্লাহ সাইফুল, মামুন-অর-রশীদ, গোলাম সারোয়ার কবির, দেলোয়ার হোসেন ও হেমায়েত উদ্দিন হিম উপস্থিত ছিলেন।

শেখ হাসিনা ছাত্র রাজনীতির সুস্থ ধারা অক্ষুণ্ন রাখার পাশাপাশি সরকারের অপকর্মের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার জন্য ছাত্রসমাজের প্রতি আহ্বান জানান।